# সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম পালনকারী যদি ভুলে কিছু খেলে বা পান করলে

‘আতা রহ. বলেন, নাকে পানি দিতে গিয়ে যদি তা কণ্ঠনালীতে ঢুকে যায়, আর সে ফিরাতে সক্ষম না হয় তা হলে কোনো দোষ নেই। হাসান রহ. বলেন, সাওম পালনকারী ব্যক্তির কণ্ঠনালীতে মাছি ঢুকে পড়লে তাঁর কিছু করতে হবে না। হাসান ও মুজাহিদ রহ. বলেছেন, সাওম পালনকারী ব্যক্তি যদি ভুলবশতঃ স্ত্রী সহবাস করে ফেলে, তবে তাঁর কিছু করতে হবে না।

আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন,

«إِذَا نَسِيَ فَأَكَلَ وَشَرِبَ، فَلْيُتِمَّ صَوْمَهُ، فَإِنَّمَا أَطْعَمَهُ اللَّهُ وَسَقَاهُ»

“সাওমদার ভুলক্রমে যদি আহার করে বা পান করে ফেলে তাহলে সে যেন তার সাওম পুরা করে নেয়। কেননা আল্লাহই তাকে পানাহার করিয়েছেন।”[1]

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৩৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10862

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন